গাংনীর কাথূলী ইউনিয়ন ছাত্রলীগের বৃক্ষ রোপন

মুজিব বর্ষ উপলক্ষে গাংনী উপজেলার কাথূলী ইউনিয়ন ছাত্রলীগের উদ্দ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে ধলা মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মুজিবুল হক মানিকের সভাপতিত্বে উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব ও ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার আহম্মেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ওষুধ কোম্পানির প্রতিনিধি করোনা আক্রান্ত

মেহেরপুরের গাংনীতে জাহিদুল ইসলাম (২৮) নামের এক ওষুধ কোম্পানির প্রতিনিধি করোনা আক্রান্ত হয়েছেন।

মঙ্গলবার রাত আটটায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম। করোনা আক্রান্ত জাহিদুল ইসলাম কাজিপুরের বাসিন্দা।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার মোঃ: রিয়াজুল আলম জানান, আক্রান্তের বাড়ি প্রশাসনের পক্ষ থেকে লকডাউন করা হবে। এছাড়া স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে আক্রান্ত ব্যক্তির সার্বক্ষণিক খোঁজ-খবর রাখা হচ্ছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডাক্তার মোহাম্মদ নাসির উদ্দিন জানান, কুষ্টিয়া পিসিআর থেকে ১৪ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে

এর মধ্যে একজন করোনা পজেটিভ। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়েছেন।

এ নিয়ে জেলায় মোট ৯৫ জন আক্রান্ত হলেন। এর মধ্যে সুস্থ্য ৩৪ জন, মৃত ৫ জন, রেফার্ড ৯ জন, চিকিৎসাধিন ৪৫ জন।

দামুড়হুদার কুড়ুলগাছি মিথ্যা বিয়ের নাটক সাজিয়ে অর্থ হাতিয়ে নেয়ার পায়তারা

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছিতে প্রথমে অসহায় সেজে বন্ধুদের সাহায্য নিয়ে সুকৌশলে মিথ্যা বিয়ের নাটক সাজিয়ে অর্থ হাতিয়ে নেওয়ার পায়তারা চালাচ্ছে বলে অভিযোগ উঠেছে স্কুল ছাত্রী হাফসা খাতুনের বিরুদ্ধে।

প্রতারক হাফসা খাতুন দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মোঃ বিসারত মুন্সী মেয়ে। বয়স ১৪ পেরোয়নি আর ইতিমধ্যেই করে ফেলেছেন বিয়ে মূলত সংসারী হতে নয় মিথ্যা বিয়ের নাটক সাজিয়ে প্রতারনার মাধ্যমে মোটা অংকের টাকা হাতিয়ে নেয়াই তার মূল উদ্দেশ্য। হাফসা’র কাছে বিয়ে মানে নাটক ছেলে খেলা।যখন যাকে ভালো লাগবে তাকে নিঃশ্য করতে পারলেই যেনো তার তৃপ্তি মেটে।

হাফসা খাতুন কুড়ুলগাছি দাখিল মাদ্রাসার ১০ শ্রেণির স্কুল ছাত্রী ও একক শ্রেণির ছাত্র বিল্লাল হোসেন হাফসা খাতুনকে নিজের বোন মনে করতো বিভিন্ন সময় হাফসা নিজেকে একজন অসহায় বলে বিল্লাল এর কাছে থেকে কলম খাতা কিনার নাম করে টাকা নিতো। বিল্লাল সে নিজের ছটো বোন ভেবে সাহায্য করতো। আর ঠিক তারি দুবলর্তার সুযোগ নিয়ে হাফসা মিথ্যা বিয়ের নাটক সাজিয়ে কুড়ুলগাছি মাঠ পাড়া’র জিয়াউর রহমানের ছেলে বিল্লাল হোসেনকে নিজের স্বামী বলে মিথ্যা পরিচয় দিয়ে যাচ্ছে এলাকাবাসী সূত্র জানা- গেছে হাফসা খাতুনের বিয়ে হয়নি অথচ বিয়ে হয়েছে ৫০ হাজার টাকা দেনমোহরে এমন মিথ্যা কথা বলে যাচ্ছে।

বিষয়টা নজর দিতে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলামের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

প্রশাসনের সু-নজরদারি না থাকায় ঝিনাইদহে কোচিং এর দৌরাত্ম্য কোনোমতেই থামছে না

ঝিনাইদহে সরকারি নির্দেশনা উপেক্ষা করে চলছে কোচিং সেন্টার। সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও কোচিংয়ের দৌরাত্ম্য কোনোমতেই থামছে না এখানে। জেলার বিভিন্ন স্থানে গোপনে চলছে এসব কোচিং বাণিজ্য। কোনো কোনো কোচিং সেন্টার চলছে অনলাইনের মাধ্যমে। কেউ কেউ স্থানীও প্রভাব শালীদের ছত্র ছায়ায় কোচিং চালাচ্ছেন, তথ্য সংগ্রহ করে ফিরে আসলেই হুমকি স্বরূপ ফোন আসছে তাদের।

এছাড়াও কোচিং মাষ্টারদের কাছ থেকে সাংবাদিকরা চাঁদা দাবী সহ টাকা লেনদেন করেছে বলে স্থানীয় ঐ সকল প্রভাব শালীরা ফাঁসানোর চেস্টা করছেন সাংবাদিকদের। ১৫ জুন শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসন ও সংস্থাপন শাখার উপসচিব মোহাম্মদ আবু নাসের বেগ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বলা হয়েছে, ‘করোনাভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে পূর্বের বন্ধের ধারাবাহিকতায় ৬ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান ও কোচিং সেন্টার বন্ধ থাকবে।

কিন্তু সরকারি নির্দেশনা অমান্য করে কোচিং বাণিজ্য চলায় উদ্বেগ প্রকাশ করেছে সচেতন মহল। তবে করোনার কারনে স্কুল বন্ধ থাকায় লেখা পড়া চর্চা রাখতে অসচেতন অভিভাবকরাই কোচিং এর দিকে বেশী করে তাদের ছেলে মেয়েদেরকে এগিয়ে দেচ্ছে। কিছু কিছু অভিভাবকরা প্রতিবেদককে এমনটাই জানিয়েছেন। কোচিং মাষ্টারদের দাবী সব কিছুই যেহেতু সাধারণ ভাবে চলছে তাহলে কোচিং চললে ক্ষতি কি? সব কোচিং মাষ্টারদের মুখে একই কথা শোনা গেছে করোনা শুরু হওয়ার পর থেকে কিছু দিন বন্ধ রেখেছিলাম এখন সব জায়গাতেই চলছে দেখে আমরাও চালু

করেছি।

এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে, জেলার সদর উপজেলার চর মুরারিদহ গ্রামে জমজমাটভাবে চলছে সাগর মাস্টারের কোচিং সেন্টার, উপজেলার কলোমন খালি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী মাষ্টার নাজিম উদ্দিনের কোচিং সেন্টার, মধুপুর চৌরাস্তা বাজারে সহকারী দুইজন সহ সাংবাদিক পরিচয়দানকারী রাজু আহম্মেদের কোচিং সেন্টার, উপজেলা ভুমি অফিসের পেছনে (হাটের রাস্তা) কোচিং সেন্টার, কলোমন খালির নাজমুল হাসান সহ আশপাশের এলাকার কিছু শিক্ষক এভাবে কোচিং ব্যবসা চালিয়ে যাচ্ছেন। নাম প্রকাশ না করার শর্তে বেশকিছু অভিভাবক অভিযোগ করে বলেন, একাধিক শিক্ষার্থী নিয়ে কোচিং চলায় বজায় থাকছে না সামাজিক দূরত্ব।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার বদ্রুদ্দোজা শুভ জানান, কোচিং সেন্টার চালানোর সরকারি ভাবে কোন অনুমতি নাই। শিক্ষকদের কাছ থেকে পড়া নিয়ে বাড়িতে পড়তে পারবে অনলাইন অথবা মোবাইলে।

জেলা শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব বলেন, ‘এই সংকটময় সময়ে কোচিং সেন্টার চালানোর তো কোনো প্রশ্নই ওঠে না। বিষয়টি খতিয়ে দেখে ব্যাবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে কিন্ডারগার্টেন শিক্ষকদের অবস্থান কর্মসূচি

করোনার প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্থ কিন্টারগার্ডেন স্কুলগুলোর শিক্ষক-শিক্ষিকারা অবস্থান কর্মসূচি পালন করেছে। প্রধানমন্ত্রীর নিকট হইতে আর্থিক অনুদান অথবা সহজ শর্তে ঋণের দাবিতে দেশব্যাপী অবস্থান কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলায় এই অবস্থান কর্মসূচি পালন করে।

মঙ্গলবার সকালে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে কয়েকশ শিক্ষক জমায়েত হয়। বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল এসোসিয়েশনের মেহেরপুর

জেলা শাখার উদ্যোগে অবস্থান কর্মসূচি পালিত মানববন্ধন নেতৃত্ব দেন জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলাম মাস্টার।

অবস্থান কর্মসূচি ও মানববন্ধনে অংশগ্রহণ করেন জেলা কিন্টারগার্ডেন স্কুল অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি জানে আলম, সাধারণ সম্পাদক আফতাব আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শাফিউর রহমান সুরুজ, সদস্য ফায়েল উদ্দিন, সুমি আক্তার, ফজলুল হক মন্টু শাহীনসহ শিক্ষক-শিক্ষিকারা।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ হাসিবুল ইসলাম ওরফে বাবু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী উপজেলার হাড়াভাঙ্গা সেন্টার পাড়া থেকে তাকে আটক করা হয়। আটক হাসিবুল ইসলাম হাড়াভাঙ্গা গ্রামের নাজির হোসেন এর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামী হাসিবুল ইসলাম ওরফে বাবুর বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলার প্রস্তুতি চলছে।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে বিএনপি নেত্রীর

করোনা কালে খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহ জেলা জিয়া পরিষদের জ্যেষ্ঠ সহ সভাপতি সাহিদা ইসলাম শিরিনের ব্যক্তিগত উদ্যোগে ২১৬জন দরিদ্রের মাঝে মহামারি করোনার সময় এই খাদ্য সামগ্রী বিতরণ করেন।

মঙ্গলবার সকাল থেকে শহরের হামদহ খন্দকার পাড়ার নিজ বাসায় এ খাদ্য সামগ্রী বিতরণ করেন।

এসময় সাহিদা ইসলাম শিরিন বলেন, আমার ব্যক্তিগত উদ্যোগে এ মহামারি করোনার সময় দরিদ্র মানুষের পাশে দাড়াতে পেরে অনেক ভালো লাগছে। দরিদ্র অসহায় মানুষের পাশে দাড়াতে সমাজের বিত্তশালীদের আহবান জানান তিনি।

বিতরণকৃত খাদ্য সামগ্রীর মধ্যে রয়েছে ১০কেজি চাল, ১কেজি মসুর ডাল, ১কেজি তেল।

করোনা কেড়ে নিল আরও ৫৫ প্রাণ

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ১৫১ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ২৭ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৬৮ হাজার ৬৪৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৯৫৩ জন এবং মোট সুস্থ ৭৮ হাজার ১০২ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ৪৯১টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১৩ হাজার ১৭৩টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ২৭ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১

লাখ ৬৮ হাজার ৬৪৫ জন।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২২ দশমিক ৯৮ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৫৫ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৪৬ জন ও নারী ৯ জন। এ নিয়ে মোট মারা গেলেন ২ হাজার ১৫১ জন।

এ পর্যন্ত যারা মৃত্যুবরণ করেছেন তাদের মধ্যে পুরুষের সংখ্যা এক হাজার ৭০৩ আর নারী ৪৪৮ জন।

নাসিমা সুলতানা জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৯৫৩ জন। এ পর্যন্ত সুস্থ ৭৮ হাজার ১০২ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪৬ দশমিক ৩১ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৮ শতাংশ।

তিনি আরও জানান, বয়স বিভাজনে ১১-২০ বছরের মধ্যে একজন, ৩১-৪০ বছরের মধ্যে ২ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৬ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১৮ জন, ৬১-৭০ বছরের মধ্যে ২১ জন এবং ৭১-৮০ বছরের মধ্যে ৬ জন ও ৮১-৯০ বছরের মধ্যে একজন মারা গেছেন।

নাসিমা জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ২৭ জন, চট্টগ্রামে ১২ জন, রাজশাহীতে ২ জন, সিলেটে ২ জন, খুলনায় ৭ জন, রংপুরে ২ জন, বরিশালে ২ জন এবং ময়মনসিংহে একজন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ৩৯ জন ও বাড়িতে ১৫ জন এবং মৃত অবস্থায় হাসপাতালে এসেছেন একজন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ। সূত্র-যুগান্তর

গাংনীতে কিন্ডারগার্টেন শিক্ষকদের অবস্থান কর্মসূচি

মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের গাংনী শাখার উদ্যোগে অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১১ টার সময় গাংনী প্রেসক্লাবের সামনে এ অবস্থান কর্মসূচি পালিত হয়। করোনা মহামারী মহাদুর্যোগে ক্ষতিগ্রস্থ কিন্ডার গার্টেন স্কুলগুলোর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আর্থিক অনুদান ও সহজ শর্তে ঋণের দাবিতে দেশব্যাপী এ অবস্থান কর্মসূচি পালন করা হয়।

অনুষ্ঠানে গাংনী প্রি-ক্যাডেট এন্ড হাই স্কুলের সহকারী শিক্ষক সাইফুল ইসলামের সঞ্চালনায় সভাপতিত্ব করেন একই প্রতিষ্ঠানের অধ্যক্ষ জালাল আহমেদ। বক্তব্য রাখেন, হেমায়েতপুর মডেল স্কুলের প্রধান শিক্ষক ইমরান হোসেন, সহকারী শিক্ষিকা দিলরুবা, হেমায়েতপুর প্রত্যাশা বিদ্যানিকেতনের শিক্ষক আব্দুল গাফফার ও এফ আই ইংলিশ ভার্শন স্কুলের পরিচালক ফিরাজুল ইসলাম ।

উপজেলার ২০টি কিন্ডারগার্টেন স্কুলের ২৫০ জন শিক্ষক শিক্ষিকা কর্মসুচিতে অংশ গ্রহন করেন।

হেফাজতের বিরুদ্ধে ষড়যন্ত্র বরদাশত করা হবে না: আল্লামা শফী

হেফাজতের বিরুদ্ধে কোনো দুষ্টচক্রের ষড়যন্ত্র বরদাশত করা হবে না মন্তব্য করেছেন হেফাজতের আমীর আল্লামা শাহ আহমদ শফী।

সোমবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ মন্তব্য করেন তিনি।

আল্লামা শফী বলেন, ‘হযরত রাসুলে কারিম (স) শান-মান, সাহাবায়ে কিরামের আজমতসহ ইসলামের ইজ্জত-সম্মান ও প্রাধান্য সুরক্ষায় হেফাজতে ইসলামের আত্মপ্রকাশ। জাতির এক ক্রান্তিলগ্নে দেশের নাস্তিক্যবাদী অপশক্তি যখন প্রকাশ্যভাবে আল্লাহ ও তার রাসুল (স) এবং ইসলামের বিভিন্ন মৌলিক বিষয়াবলীর সুস্পষ্ট বিদ্রোহ ঘোষণা করে, অপমানকর বক্তব্য প্রদান করে, তখনই হেফাজতে ইসলাম এসবের বিরুদ্ধে গর্জে উঠে।’

তিনি বলেন, ‘দেশের কোটি কোটি মানুষের ঈমান-আকিদা ও ইসলামী মূল্যবোধ সুরক্ষায় রাজপথে বুকের তাজা রক্ত ঢেলে দেয় এই সংগঠনের কর্মীরা। আবারও যদি কেউ আল্লাহ ও তার রাসুল (স), সাহাবায়ে কিরাম তথা ইসলামের বিরুদ্ধে কোন কথা বলে হেফাজতে ইসলাম পুনরায় গর্জে উঠবে।’

আল্লামা শাহ আহমদ শফী বলেন, ‘নাস্তিক্যবাদী অপশক্তি প্রকাশ্যভাবে হেফাজতে ইসলামের মোকাবিলা করতে পারবে না। ইসলাম বিরোধী ওই অপশক্তি প্রকাশ্য মোকাবিলায় ব্যর্থ হয়ে ইদানিং পেছনের দরজায় হামলা করছে বলে মনে হয়। হেফাজতের ভেতরে ঘাপটি মেরে বসে থাকা একটি সিন্ডিকেট জ্ঞাতে-অজ্ঞাতে আজ নাস্তিক্যবাদীর খেলনায় পরিণত হয়েছে। তারা ভেতরে থেকে হেফাজতে ইসলাম, হেফাজতের ত্যাগী নেতাদের, আমার ও আমার ছেলের বিরুদ্ধে অপপ্রচারে লিপ্ত রয়েছে।’

তিনি বলেন, ‘ভেতর থেকে এসব অপপ্রচার করে তারা হেফাজতে ইসলামকে দুর্বল করতে চায়, সংগঠনটির ইমেজ নষ্ট করতে চায় এবং জনমনে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা চালাতে চায়।’

বিবৃতিতে আল্লামা শফী বলেন, ‘কোনো সিন্ডিকেট, অপশক্তির ষড়যন্ত্রই এ দেশের ঈমান রক্ষার আন্দোলন হেফাজতে ইসলামকে ধ্বংস করতে পারবে না ইনশাআল্লাহ। বরং তারাই ধ্বংস হয়ে যাবে।’

তিনি আরও বলেন, ‘হেফাজতের বিরুদ্ধে কোন দুষ্টচক্রের ষড়যন্ত্র বরদাশত করা হবে না।’

তিনি ষড়যন্ত্রকারী দুষ্টচক্র কর্তৃক হেফাজতে ইসলামের ভেতরকার কল্পিত বিরোধের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য সকলকে আহবান জানান।

সূত্র- বিডি-প্রতিদিন